# ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)

**শিক্ষাবর্ষ : ২০১৯-২০২০**

## বাংলা

1. কোন বানানটি শুদ্ধ?
A. দুস্কৃতকারী B. দুরাবস্থা C. দৌড় D. দুরারোগ্য

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বানান–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| দুস্কৃতকারী | দুষ্কৃতকারী | কুজ্ঝটিকা | কুজ্ঝটিকা |
| দুরাবস্থা | দুরবস্থা | মহিষী | মহিয়ষী |
| দৌড় | দৌড় | প্রত্যুশ | প্রত্যুষ |
| দুরাঃরোগ্য | দুরারোগ্য | স্নেহাশীষ | স্নেহাশিস |
| মুখস্ত | মুখস্থ | | |

Ans : D.

2. 'আলাভোলা' বাগধারাটির অর্থ-
A. অসহায় B. সাদাসিধে C. অকর্মণ্য D. অলস

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বাগধারা–

| | |
|---|---|
| আলাভোলা – সাদাসিধে | পঞ্চত্ব প্রাপ্ত – মারা যাওয়া |
| আকাশ ধরা – বৃষ্টি বন্ধ হওয়া | পান্তাভাতে ঘি – অপব্যবহার |
| আটাশে ছেলে – দুর্বল ছেলে | পায়াভারি – অহঙ্কার |
| আকাট মূর্খ – নিরেট বোকা | পগার পাল – পালানো |
| আঠার আনা – বাড়াবাড়ি | পাথরে পাঁচ কিল – ভাগ্য সুপ্রসন্ন |

Ans : B.

3. বেগতিক শব্দে ব্যবহৃত 'বে' কোন ধরনের উপসর্গ?
A. বাংলা B. সংস্কৃত C. আরবি D. ফারসি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু ফারসি উপসর্গের ব্যবহার–

| উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|
| বে | না অর্থে | বেগতিক, বেকসুর, বেকায়দা |
| বর | বাইরে অর্থে | বরবাদ, বরখাস্ত, বরদাস্ত |
| ব | সহিত অর্থে | বনাম, বকলম, বমাল |
| না | না অর্থে | নাচার, নারাজ, নাখোশ |
| কার | কাজ অর্থে | কারখানা, কারসাজি, কারবার |

Ans : D.

4. কোন বিশেষ্য-বিশেষণ জোড় শুদ্ধ নয়?
A. শৈথিল্য-শিথিল B. সরলতা-সারল্য
C. হৃদয়-হার্দিক D. প্রতীচী-প্রতীচ্য

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু পদ পরিবর্তন–

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|---|---|
| শৈথিল্য | শিথিল | প্রতীচী | প্রতীচ্য | ঔদার্য | উদার |
| সরলতা | সরল | জন্ম | জাত | তালু | তালব্য |
| সারল্য | সরল | চক্ষু | চাক্ষুস | | |
| হৃদয় | হার্দিক | তরঙ্গ | তরঙ্গিত | | |

Ans : B.

5. 'ডেঙ্গু' শব্দের উৎস ভাষা-
A. ইংরেজি B. গুজরাটি C. তামিল D. স্প্যানিশ

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বিদেশি শব্দ–
- স্প্যানিশ: তামাক, ডেঙ্গু।
- পাঞ্জাবি: শিখ, তারকা, চাহিদা।
- মেক্সিকান: চকলেট।
- দক্ষিণ আফ্রিকান: জেব্রা।
- গুজরাটি: খদ্দর, হরতাল।
- চীনা: চা, চিনি, লিচু, লুচি।
- অস্ট্রেলিয়ান: ক্যাঙ্গারু।
- জাপানি: রিক্সা, হাসনাহেনা, জুডো, হারিকিরি।

Ans : D.

6. 'কুল কাঠের আগুন' এর অর্থ-
A. তীব্র যন্ত্রণা B. দীর্ঘস্থায়ী জ্বালা
C. ধ্বংসাত্মক কাণ্ড D. অসম্ভব কাণ্ড

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বাগধারা–

| | |
|---|---|
| কুল কাঠের আগুন – তীব্রজ্বালা/ তীব্রযন্ত্রণা | গদাই লস্করি চাল – মন্থর গতি |
| কথার ফুলঝুরি – বাক্‌পটুতা | গুড়েবালি – আশায় নৈরাশ্য |
| কচু পোড়া – অখাদ্য | গৌরচন্দ্রিকা – ভূমিকা |
| কটু কাটব্য – তিরস্কার | গায়ে কাঁটা দেওয়া – রোমাঞ্চ হওয়া |
| পাকা ঘুঁটি কেঁচে যাওয়া – প্রায় সম্পন্ন কাজ পন্ড হওয়া | গরিবের ঘোড়া রোগ – সাধ্যের বাইরে সাধ |
| কেউ কেটা – সামান্য | গুরু চন্ডালী – উঁচু নিচুর সহাবস্থান |

Ans : A.

7. 'জল' শব্দের সমার্থক শব্দ কোনটি?
A. ওদন B. উদক C. তণ্ডুল D. বারদি

ব্যাখ্যা : 'জল' এর গুরুত্বপূর্ণ কিছু সমার্থক শব্দ : উদক, পানি, পয়, বারি, মূত্র, সলিল, নীর, বৃষ্টি, বর্ষণ, ধারা, কামড়, জলখান, হিস্যা, অংশ, উদজান, জলজান, প্রবাহ, ধার, নদী, নবশক্তিবিধান ইত্যাদি।

Ans : B.

8. 'হরিৎ' শব্দের অর্থ কি?
A. হলুদ B. বেগুনি C. ধূসর D. সবুজ

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সমার্থক শব্দ–
হরিৎ : সবুজ, শ্যামল, হরিত, অনভিজ্ঞ, কাঁচা, তৃণশ্যামল, অপরিণত, তাজা, অজ্ঞ ইত্যাদি।
ধূসর : পাকা, পক্ব, সাদা, বৃদ্ধ, অনুজ্জ্বল, ছাইরঙা, রৌদ্রদগ্ধ, ভস্মতুল্য, ভস্মপূর্ণ, আধার, নীরস, শুভ্র, শ্বেত, ধবল, শুক্ল, পলিত, পরিণত ইত্যাদি।

Ans : D.

9. 'মানানসই' শব্দের 'সই' কোন ধরনের প্রত্যয়?
A. বাংলা কৃৎ প্রত্যয় B. বাংলা তদ্ধিত প্রত্যয়
C. সংস্কৃত তদ্ধিত প্রত্যয় D. বিদেশি প্রত্যয়

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বিদেশি তদ্ধিত প্রত্যয়–

| সই (মত অর্থে) | বন্দি/বন্দ |
|---|---|
| • টেকসই- টেক + সই<br>• মানানসই- মানান + সই<br>• মানসই- মান + সই<br>• চলনসই- চলন + সই | • জবানবন্দি- জবান + বন্দি<br>• নযরবন্দি- নযর + বন্দি<br>• যুগলবন্দি- যুগল + বন্দি<br>• কোমরবন্দ- কোমর + বন্দ |
| **সা** | **বাজ (মন্দ দক্ষতা অর্থে)** |
| • পানসে- পানি + সা<br>• কলসে- কাল + সা<br>• একসা- এক + সা | • চাপাবাজ- চাপা + বাজ<br>• ভেলকিবাজ- ভেলকি + বাজ<br>• কলমবাজ- কলম + বাজ<br>• দাঙ্গাবাজ- দাঙ্গা + বাজ |

Ans : D.

10. 'প্রাণ ওষ্ঠ্যগত হবার মতো অবস্থা'- এক কথায় হবে-
A. বরাভয় B. লবেজান C. রোদসী D. বীরবৌলি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু এক কথায় প্রকাশ–
- প্রাণ ওষ্ঠ্যগত হবার মত অবস্থা– লবেজান।
- পথ চলার খরচ– পাথেয়।
- পাজরের হাড় কম যার– উনপাঁজুরে।
- পরিমাণ মত খায় যে– মিতাহারী।
- প্রত্যেক মুহূর্ত– প্রতিক্ষণ।
- পূজা পাওয়ার যোগ্য– পূজাই।
- পূর্ণিমার চাঁদ– পূর্ণচন্দ্র, পূর্ণেন্দু।

Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

11. বয়স হলে এরা আর কিছু না হোক-
A. অপরিসীম কৌতুহলে মুখ বাড়ায়
B. এরা ছুটতে শেখে
C. শক্ত করে গিরেটা দিতে শেখে
D. দেহটা গেলেই হয়, এমন ভাবনা ভাবে

ব্যাখ্যা : ঔপন্যাসিক সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাসের গুরুত্বপূর্ণ কিছু লাইন–
- অনেকের অনেক সময় গলায় ঝোলানো তাবিজের থোকাটা ছাড়া দেহে বিন্দুমাত্র বস্ত্র থাকে না শেষ পর্যন্ত।
- তারা অবশ্য বয়সে ছোকরা। বয়স হলে এরা আর কিছু না হোক শক্ত করে গিরেটা দিতে শেখে।
- অজগরের মতো দীর্ঘ রেলাগাড়ির কিন্তু ধৈর্যের সীমা নেই।
- দেহচ্যুত হয়ে অদূরে অস্পষ্ট আলোর ইঞ্জিনটা পানি খায়।
- পানি খায় ঠিক মানুষের মতোই। আর অপেক্ষা করে। ধৈর্যের কাঁটা নড়েনা।

Ans : C.

12. ছেলেবেলায় অনুপমের চেহারা নিয়ে বিদ্রুপ করার সময় পণ্ডিতমশায় কোন দুটি ফুল ও ফলের সঙ্গে তুলনা করেছিলেন?
A. বকুল ও ডুমুর B. পলাশ ও আমড়া
C. পারুল ও লটকন D. শিমুল ও মাকাল

ব্যাখ্যা : গল্পকার রবীন্দ্রনাথের 'অপরিচিতা' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- পণ্ডিতমশাই অনুপমকে বিদ্রুপ করার জন্য তুলনা করত – শিমুল ফুল ও মাকাল ফলের সাথে।
- অন্নপূর্ণার (দুর্গা) কোলে গণেশের সাথে তুলনীয়– গল্পকথক (অনুপম)।
- হরিশ অনুপমের মন উতল করেছিল– কল্যাণীর বর্ণনা দিয়ে।
- সকলের সাথেই বুদ্ধির লড়াইয়ে জয়ী হন– অনুপমের মামা (অভিভাবক)।
- গামছায় বাঁধা গহনাগুলি ছিল– শম্ভুনাথ বাবুর পিতামহের (দাদার) আমলের এবং হাল ফ্যাশনের নয় বরং মোটা ও ভারী।

Ans : D.

13. One swallow does not make a summer- এর অর্থ কি?
A. এক হাতে তালি বাজে না B. এক মাঘে শীত যায় না
C. ভাগ্যের মা গঙ্গা পায় না D. বিপদ কখনও একা আসে না

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু অনুবাদ–
- One Swallow does not make a summer- এক মাঘে শীত যায় না
- One learns by failures – ব্যর্থতার মধ্য দিয়ে সাফল্য আসে।
- One is not so soon healed as hurt – গড়তে যত সময় লাগে ভাঙতে তত সময় লাগেনা।
- One lie makes many – একটা মিথ্যা ঢাকতে দশটা মিথ্যা বলতে হয়।
- Once in a blue moon - কদাচিৎ।
- One man's meat is another mans poison - কারও পৌষ মাস কারও সর্বনাশ।
- One nail drives out another - কাঁটা দিয়ে কাঁটা তুলতে হয়।

Ans : B.

14. 'Dilemma' শব্দের বাংলা পরিভাষা-
A. ডিলেমি B. মতান্তর C. উভয় সংকট D. তর্ক-বিতর্ক

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ–

| | | | |
|---|---|---|---|
| Dilemma | উভয় সংকট | Defence | প্রতিরক্ষা, প্রতিরোধ |
| Dealer | ব্যাপারী | Defense | প্রতিরোধ ব্যবস্থা |
| Debenture | ঋণপত্র | Diploma | উপাধি পত্র |
| Devout | ধর্মনিষ্ঠা | Discount | বাট্টা |
| Diagram | পরিলেখা | Document | দলিল, লেখা |

Ans : C.

15. 'পখাল' শব্দের অর্থ-
A. পাখির খামারি B. পান্তা
C. পাখ-পাখালি D. পাটের আঁশ

ব্যাখ্যা : প্রাবন্ধিক রোকেয়া সাখাওয়াত হোসেনের 'চাষার দুক্ষু' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ–
- পখাল – পান্তা
- ট্রামওয়ে – ট্রাম চলাচলের রাস্তা
- বিচালি – পোয়াল খড়
- বায়স্কোপ – চলচ্চিত্র, ছায়াছবি
- ছেইলা – ছেলে
- কৌপীন – ল্যাঙ্গট
- দানা – খাদ্য
- মহীতে – পৃথিবীতে
- অভ্র – আকাশ
- টেকো – সুতা পাকাবার যন্ত্র

Ans : B.

16. কোন শব্দে 'এ' ধ্বনি বিকৃত উচ্চারণ হয়েছে-
A. তেলাপোকা B. দেহ C. হেথা D. শেষ

ব্যাখ্যা : 'এ' ধ্বনির সংবৃত এবং বিবৃত উচ্চারণের ছক :

| সংবৃত উচ্চারণ (এ) | বিবৃত উচ্চারণ (এ্যা) |
|---|---|
| পথে, ঘাটে, দোষে, গুণে | এত, হেন, কেন |
| দেশ, প্রেম, শেষ | খেংড়া, চেংড়া, স্যাতসেঁতে গেঁজেল |
| কে, যে, সে | খ্যামটা, ঢেপসা, তেলাপোকা |
| দেহ, কেহ, কেষ্ট | একচোট, একতলা, একঘরে |
| দেখি, রেণু, বেলুন | দেখ, খেল্, ফেল |

Ans : A.

## English

*Provide the appropriate preposition (question 1 and 2).*

1. Tina is renowned _____ her oratory.
A. with B. of C. in D. for

ব্যাখ্যা : Renwon for – কোন কিছুর জন্য পরিচিত।
কিছু গুরুত্বপূর্ণ group verb–
Come round – সুস্থ হওয়া    Run after – কিছুর পিছে ছুটা
Get along – মানিয়ে নেওয়া    Turn on – চালু করা
Set off – যাত্রা শুরু করা    Put off – খুলে ফেলা

Ans : D.

2. He was not conversant _____ the plan.
A. of B. to C. with D. in

ব্যাখ্যা : Conversant with – কিছুর সাথে পরিচিত।
কিছু গুরুত্বপূর্ণ gourp verb-
Break into – ভেঙে প্রবেশ করা    Cut down – কমানো
Get away – পালানো    Come out – প্রকাশিত হওয়া
Fall in – সারিবদ্ধ হওয়া    Give off – দেওয়া

Ans : C.

*Select the correct word to complete the sentences (question 3-7).*

3. Warning! No unauthorized personnel ___ this point.
A. about B. beyond C. here D. then

ব্যাখ্যা : About – সম্পর্কে    Beyond – বাহিরে/অতিক্রম করে
Here – এখানে    Then – তারপর
বাক্যটির অর্থ– "সতর্কতা! কোনো অনধিকারী এই সীমানা অতিক্রম করবে না"।
এখানে, অতিক্রম করা বা সীমানা ছাড়িয়ে যাওয়া বুঝাতে beyond হবে।

Ans : B.

4. _____ to Barishal by bus yesterday?
A. Did jashim went B. Had Jashim go
C. Was Jashim go D. Did Jashim go

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যা : Asserative sentence কে interrogative sentence এ রূপান্তর করার জন্য auxiliari verb কে sub এর আগে বসাতে হয়। আর auxiliari না থাকলে tense অনুযায়ী do/did/does ব্যবহার করতে হয়।
**Structure :** Do/does/did + sub + verb (base) + বাকি অংশ + ?
**Example :** Does he write novel?
অনুরূপভাবে, Did Jashim go to Barishal by bus yesterday?
**Ans : D.**

**5. The dress was designed by ____ famous Italian artist.**
A. a B. the C. an D. one

ব্যাখ্যা : এখানে, famous শব্দটির প্রথম letter consonant তাই gap এ article হিসেবে a ব্যবহৃত হবে।
**Ans : A.**

**6. It is the ____ city of the country.**
A. most populous B. more populous
C. most people D. most population

ব্যাখ্যা : এটি superlative degree এর example.
**Superlative এর structure :** Sub + verb + the/one of the + superlative form + বাকি অংশ।
**Example :** Titanic is one of the most popular movies in the world.
অনুরূপভাবে, It is the most populous city of the country.
• **Note :** এক syllable বিশিষ্ট word কে সাধারণত er এবং est যোগ করে comparative এবং superlative form এ রূপান্তর করা হয়। যেমন:

| | | |
|---|---|---|
| Large | Larger | Largest |
| Tall | Taller | Tallest |

• একের অধিক syllable বিশিষ্ট word এর আগে more এবং most যোগ করে comparative এবং superlative করা হয়। যেমন:

| | | |
|---|---|---|
| Beautiful | More Beautiful | Most Beautiful |
| Populous | More Populous | Most Populous |

**Ans : A.**

**7. Who says that you can go ____ the world in eighty days?**
A. over B. around
C. across D. beyond

ব্যাখ্যা : Go around – চারদিকে ঘুরে আসা।
**কিছু গুরুত্বপূর্ণ group verb-**
Bear out – সমর্থন করা | Act for – কারো জন্য কাজ করা
Take away – সরিয়ে নেওয়া | Turn Over – উল্টানো
Run into – পতিত হওয়া | Set up – স্থাপন করা
**Ans : B.**

**8. Choose the correct sentence.**
A. The railway will compensate us with the loss.
B. The railway will compensate us for the loss.
C. The railway will compensate us the loss.
D. The railway will compensate us loser.

ব্যাখ্যা : Compensate for – কোনকিছুর জন্য ক্ষতিপূরণ করা।
বাক্যটির অর্থ হবে - "রেলওয়ে আমাদের লোকসানের জন্য ক্ষতিপূরণ করবে"।
"ক্ষতিপূরণ করা" বুঝাতে Compensate for হবে।
**কিছু গুরুত্বপূর্ণ group verb-**
Cut out – উপযুক্ত | Come after – পিছে তাড়া করা
Bear on – সহ্য করা | Act upon – ক্ষতি করা
Blow out – নিভিয়ে দেয়া | Give up – ত্যাগ করা
**Ans : B.**

**9. The correct synonym of 'mediocre' is -**
A. average B. industrious C. ordinary D. better

ব্যাখ্যা : Mediocre – মাঝারি রকমের/ভালোও নয় মন্দও নয় এমন।
Average – মাঝারি/গড়পড়তা | Industrious – পরিশ্রমি
Ordinary – সাধারণ | Better – আধিকতর ভালো
**Mediocre এর কিছু Synonym এবং Antonym-**
**Synonym :** Common, Middling, Medium, Average, Ordinary.
**Antonym :** Different, Extra-ordinary, Exceptional, Superior.
**Ans : A & C.**

**10. The correct antonym of 'spurious' is -**
A. cautious B. fantastic C. modest D. genuine

ব্যাখ্যা : Spurious – কৃত্তিম/ভেজাল
Cautious – সতর্ক | Fantastic – চমৎকার
Modest – ভদ্র | Genuine – খাঁটি/আসল
**Spurious এর কিছু Synonym এবং Antonym :**
**Synonym :** Bogus, False, Deceitful, Artificial, Fake.
**Antonym :** Real, Genuine, True, Valid, Authentic.
**Ans : D.**

**11. What is the meaning of the proverb 'Do not put the cart before the horse?**
A. Put the horse behind the cart.
B. Do not follow any order when you do things
C. A cart cannot move without a horse.
D. Do things in proper order.

ব্যাখ্যা : Put the cart before the horse- যা উচিত বা স্বাভাবিক তার উল্টোটা করা।
সুতরাং, "Don't Put the cart before the horse" এর meaning হবে- Do things in proper order.
**কিছু গুরুত্বপূর্ণ Proverb-**
• All covert, all lost – অতি লোভে তাঁতী নষ্ট।
• Barking dogs, Seldom bite – যত গর্জে, তত বর্ষে না।
• Too many Cooks spoil the broth – অতি সন্ন্যাসীতে গাজন নষ্ট।
• To make merry while at the distress of others – কারও পৌষ মাস, কারও সর্বনাশ।
**Ans : D.**

***Read the following passage and answer the questions 12-16.***
Money is not only coins and banknotes, it is anything that people are willing to use in order to represent the value of other things for the purpose of exchanging goods and services. Money enables people to compare quickly and easily the value of different commodities (such as fish and shoes), to exchange one thing for another and to store wealth conveniently. There have been many types of money. The most familiar is the coin, which is a standardized piece of imprinted metal. Yet money existed long before the invention of coins, and cultures have prospered using other things as currency, such as cowries, cattle, skins, salt, grains, beads, cloth and promissory notes. In modern prisons, cigarettes have often served as money. Nowadays people do not have to carry money when they go for shopping, they can use debit or cash cards. These cards are also called plastic money.

শিক্ষায় সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

12. **What was the most well-known form of money in the past?**
A. Cowries B. Computer bits
C. Coins D. Stone

ব্যাখ্যা : Passage এর ৩য় ও ৪র্থ line এ বলা হয়েছে "There have been many types of money. The most familiar is the coin".
সুতরাং, Passage এর আলোকে most well known form of money হচ্ছে coin.
**Ans : C.**

13. **What is the passage about?**
A. The history of money in human society
B. How money changes society
C. How coins came into existence
D. The importance of plastic money

ব্যাখ্যা : Passage পড়ে আমরা অর্থের উৎপত্তি এবং ইতিহাস সম্পর্কে বুঝতে পারি। অর্থ কিভাবে প্রাচীন কাল থেকে আধুনিক যুগ পর্যন্ত বিবর্তিত হয়ে আসছে যা Passage থেকে বুঝা যায়। সুতরাং, Passage টি "The history of money in human society" সম্পর্কে আলোকপাত করে।
**Ans : A.**

14. **The passage suggests that-**
A. coins existed long before the invention of money
B. cowries were never counted as money
C. in ancient times, cigarettes were used as money
D. coins followed the invention of money

ব্যাখ্যা : Passage এর ৫ম line এ বলা হয়েছে "Yet money existed long before the invention of coins". এই লাইন পড়লে বুঝা যায় মুদ্রা আবিষ্কারের বহুবছর আগে থেকেই অর্থের অস্তিত্ব ছিল। সুতরাং, Coins followed the invention of money সঠিক উত্তর।
**Ans : D.**

15. **How does the passage define money?**
A. Anything that is used to represent the value of something and used for the purpose of exchange of goods and services.
B. Cowries and coins are used for the purpose of exchange of goods and services.
C. Something that is only used to store wealth.
D. A standardized piece of imprinted metal.

ব্যাখ্যা : Passage এর প্রথম লাইনেই বলা হয়েছে-
"Money is not only coins and banknotes it is anything that people are willing to use in order to represent the value of other things for the purpose of exchanging goods and services".
সুতরাং সঠিক উত্তর হবে option (A).
**Ans : A.**

16. **According to the passage-**
A. debit or cash cards were early forms of money.
B. debit and cash cards have always been there.
C. debit and cash cards are newer forms of money.
D. debit and cash cards are money only in our imagination.

ব্যাখ্যা : Passage এর শেষ তিন লাইনে বলা হয়েছে "Nowadays people do not have to carry money when they go for shopping, they can use debit or cash cards".
এখানে Nowadays শব্দটি দিয়ে newer form কে বুঝাচ্ছে তাই, অপশন (C) সঠিক হবে।
**Ans : C.**

## সাধারণ জ্ঞান

1. **বাংলাদেশের মুক্তিযুদ্ধের ওপর নির্মিত চলচ্চিত্র *ধীরে বহে মেঘনা*- এর পরিচালক কে ছিলেন?**
A. আলমগীর কবির B. খান আতাউর রহমান
C. হুমায়ুন আহমেদ D. সুভাষ দত্ত

ব্যাখ্যা : • *"ধীরে বহে মেঘনা"* এর পরিচালক ছিলেন আলমগীর কবির।
• এটি তার পরিচালিত প্রথম ফিচার চলচ্চিত্র।
• এটি মুক্তি পায় ১৯৭৩ সালে।
• এটি ১৯৭১ সালের বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে নির্মিত।
• ব্রিটিশ ফিল্ম ইনস্টিটিউট দক্ষিণ এশিয়ার সেরা ১০টি চলচ্চিত্রের মধ্যে "ধীরে বহে মেঘনা" অন্তর্ভুক্ত করেছে।
**Ans : A.**

2. **জাতিসংঘের কোন অঙ্গ সংস্থার কার্যক্রম অকার্যকর করা হয়েছে?**
A. সাধারণ পরিষদ B. আন্তর্জাতিক বিচারালয়
C. নিরাপত্তা পরিষদ D. অছি পরিষদ

ব্যাখ্যা : • জাতিসংঘের অছি পরিষদ এর কার্যক্রম অকার্যকর করা হয়েছে।
• জাতিসংঘ অছি পরিষদ জাতিসংঘের একটি প্রধান অঙ্গসংস্থা।
• এটি আস্থা অঞ্চলে (trust territories) তাদের বাসিন্দাদের সেরা স্বার্থে শাসিত হওয়া এবং আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে সহায়তা প্রতিষ্ঠিত হয়।
• আস্থা অঞ্চল এর অধিকাংশই সাবেক সম্মিলিত জাতিপুঞ্জের ম্যান্ডেট বা দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষে পরাজিতদের কাছ থেকে নেয়া অঞ্চল।
• এখন এদের সবাই স্বায়ত্তশাসন বা স্বাধীনতা অর্জন করেছে, হয় পৃথক জাতি হিসাবে নতুবা প্রতিবেশী স্বাধীন দেশে যোগদানের মাধ্যমে।
• ১৯৯৪ সাল থেকে জাতিসংঘ অছি পরিষদ নিষ্ক্রিয় অবস্থায় আছে।
**Ans : D.**

3. **'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' কবে উৎক্ষেপণ করা হয়?**
A. ২৩ জুন ২০১৭ B. ১৭ মে ২০১৮
C. ১১ মে ২০১৮ D. ১৭ মার্চ ২০১৯

ব্যাখ্যা : • 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' ১১ মে ২০১৮ কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়।
• এটি স্পেসেক্স কোম্পানির ফ্যালকন ৯ ব্লক ৫ রকেটের প্রথম পেলোড উৎক্ষেপণ ছিল।
• এটি বাংলাদেশের প্রথম ভূস্থির যোগাযোগ ও সম্প্রচার উপগ্রহ।
• এর মধ্য দিয়ে ৫৭ তম দেশ হিসেবে বাংলাদেশ নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় যোগ হয়।
• এই প্রকল্পটি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক বাস্তবায়িত হয়।
**Ans : C.**

4. **সম্প্রতি সরকার কর্তৃক গৃহীত শুদ্ধ বানান কোনটি?**
A. Chattogram B. Chittagong
C. Chotogramm D. Chitagong

ব্যাখ্যা : • সম্প্রতি সরকার কর্তৃক গৃহীত শুদ্ধ বানান Chattogram।
• বাংলা উচ্চারণের সঙ্গে সামঞ্জস্য রাখতে পাঁচটি জেলার ইংরেজি নামের বানানে পরিবর্তন আনা হয়েছে।
• এর আগে জেনারেল এরশাদের শাসনামলে রাজধানী ঢাকার বানান Dacca থেকে বদলে Dhaka করা হয়েছিলো।
• সরকারি এই সিদ্ধান্তের ফলে এখন থেকে ইংরেজিতে এই জেলাগুলোর নামের বানান যে রকম হবে:

| আগের নাম | বর্তমান নাম | আগের নাম | বর্তমান নাম |
|---|---|---|---|
| Chittagong | Chattogram | Jessore | Jashore |
| Barisal | Barishal | Bogra | Bogura |
| Comilla | Cumilla | | |

**Ans : A.**

5. **ঢাকা বিশ্ববিদ্যালয় কবি কাজী নজরুল ইসলামকে ডি.লিট. ডিগ্রী প্রদান করে-**
A. ১৯৭২ সালে B. ১৯৭৩ সালে C. ১৯৭৪ সালে D. ১৯৭৮ সালে

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যা : • ঢাকা বিশ্ববিদ্যালয় কবি কাজী নজরুল ইসলামকে ১৯৭৪ সালের ৯ ডিসেম্বর তারিখে সম্মানসূচক ডি.লিট উপাধিতে ভূষিত করে।
• বিশ্ববিদ্যালয়ের এক বিশেষ সমাবর্তনে তাকে এই উপাধি প্রদান করা হয়।
• ১৯৭৬ সালের জানুয়ারি মাসে বাংলাদেশ সরকার কবিকে বাংলাদেশের নাগরিকত্ব প্রদান করে।
• কাজী নজরুল ইসলামকে বাংলাদেশ রাষ্ট্রের জাতীয় কবির মর্যাদা দেওয়া হয়।
• একই বছরের ২১ ফেব্রুয়ারিতে তাকে একুশে পদকে ভূষিত করা হয়।
Ans : C.

6. ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ সরকারের জাতীয় বাজেটের আকার হল-
A. ৫,২৩,১৯০ কোটি টাকা B. ৪,২৩,১৯০ কোটি টাকা
C. ৩,৭৭,৮১০ কোটি টাকা D. ৩,২৫,৬৬০ কোটি টাকা

ব্যাখ্যা : • ২০১৯-২০ অর্থবছরের বাজেট এর আকার ৫ লাখ ২৩ হাজার ১৯০ কোটি টাকা।
• জাতীয় বাজেট বাংলাদেশ সরকার প্রণীত একটি বার্ষিক দলিল যাতে রাষ্ট্রের বাৎসরিক আয়-ব্যয়ের পরিকল্পনা প্রকাশ করা হয়।
• জাতীয় বাজেটের মূল অংশ দুটি । প্রথম অংশে থাকে রাজস্ব আদায় সমূহ এবং দ্বিতীয় অংশে থাকে সরকারী ব্যয়ের প্রস্তাব সমূহ।
• প্রতি বৎসর একটি আইনপ্রস্তাব বা "বিল" আকারে জাতীয় বাজেট জাতীয় সংসদে উত্থাপন করা হয়। একে বলা হয় অর্থ বিল। সংসদ সদস্যরা অনুমোদনের পর এটি আইনে পরিণত হয়।
• বাংলাদেশে প্রতি বৎসর জুন মাসে জাতীয় বাজেট প্রণয়ন করা হয় এবং অনুমোদনের পর তা পরবর্তী অর্থবৎসরের জন্য কার্যকর হয়। দেশের অর্থ মন্ত্রী জাতীয় সংসদের অর্থ বিল পেশ করেন।
Ans : A.

7. কোনটি নারীর বিরুদ্ধে সকল প্রকার বৈষম্যের অবসান সম্পর্কিত?
A. ইউএনএফপিএ B. ডব্লিউএইচও
C. ইউএন উইমেন D. সিডো

ব্যাখ্যা : • নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ - সিডও (CEDAW - Convention on the Elimination of all forms of Discrimination Against Women)।
• সনদটির মূল বিষয় হলো - নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ বা দূরীকরণ।
• নারীর মানবাধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৭৯ সালের ১৮ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে এটি গৃহীত হয়। ১৯৮১ সালের ৩ সেপ্টেম্বর থেকে সনদটি কার্যকর হতে শুরু করে।
• সিডও সনদে ৩০টি ধারা আছে। প্রথম ১৬টি ধারা নারীর প্রতি কত প্রকার বৈষম্য আছে তা নিশ্চিত করে। পরের ১৪টি ধারা ব্যক্ত করে কিভাবে এগুলো বিলোপ করা যায়।
Ans : D.

8. বাংলাদেশের একমাত্র 'পাহাড়'- বিশিষ্ট দ্বীপ-
A. পাহাড়পুর B. কুতুবদিয়া C. নিঝুমদ্বীপ D. মহেশখালি

ব্যাখ্যা : • বাংলাদেশের একমাত্র পাহাড়বিশিষ্ট দ্বীপ মহেশখালী।
• মহেশখালী বাংলাদেশের কক্সবাজার জেলার অন্তর্গত একটি উপজেলা।
• এর আয়তন ৩৮৮.৫০ বর্গ কিলোমিটার।
• এই দ্বীপে বিখ্যাত আদিনাথ মন্দির অবস্থিত।
• বর্তমানে মহেশখালীর একটি অনুদ্বীপ মাতারবাড়ীতে একটি সমুদ্রবন্দর নির্মাণ করা হচ্ছে।
Ans : D.

9. সম্প্রতি অনুষ্ঠিত কোন প্রতিযোগিতায় বাংলাদেশের রোমান সানা স্বর্ণপদক জিতেছেন?
A. আর্চারি ওয়ার্ল্ড কাপ B. আর্চারি অলিম্পিক
C. এশিয়া কাপ আর্চারি D. বিশ্ব অলিম্পিক

ব্যাখ্যা : • সম্প্রতি অনুষ্ঠিত এশিয়া কাপ আর্চারিতে বাংলাদেশের রোমান সানা স্বর্ণপদক জিতেছেন।
• এর মাধ্যমে প্রথম বাংলাদেশি আরচার হিসেবে মহাদেশীয় কোনো টুর্নামেন্টে স্বর্ণপদক জয়ের ইতিহাস গড়লেন তিনি।
• এর আগে ২০১৯ বিশ্ব আর্চারি চ্যাম্পিয়নশিপে তিনি ব্রোঞ্জ পদক লাভ করেন।
• যেকোনো খেলার বিশ্ব প্রতিযোগিতায় সেটিই ছিল বাংলাদেশের প্রথম কোনো পদক।
• তিনি ৮ জুন ১৯৯৫ সালে খুলনায় জন্মগ্রহণ করেন।
Ans : C.

10. বাংলাদেশের প্রথম নারী মেয়র কে?
A. সেলিনা হায়াত আইভি B. মেহের আফরোজ চুমকি
C. পান্না কায়সার D. কবরী সারোয়ার

ব্যাখ্যা : • বাংলাদেশের প্রথম নারী মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী।
• তিনি ২০১১ সালে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন।
• সেলিনা হায়াৎ আইভী ১৯৬৬ সালে নারায়ণগঞ্জের একটি রাজনৈতিক পরিবারে জন্মগ্রহণ করেন।
• তিনি পেশায় একজন চিকিৎসক।
Ans : A.

11. কোন ইস্যুতে হংকং- এ সাম্প্রতিক গণবিক্ষোভের সূত্রপাত হয়?
A. প্রত্যর্পণ বিল B. চীন থেকে স্বাধীনতা
C. গণতন্ত্র D. জলবায়ু পরিবর্তন

ব্যাখ্যা : • নতুন প্রত্যর্পণ বিল ইস্যুতে হংকং-এ বিক্ষোভের শুরু হয়।
• এ আইনে বলা হয়েছে- বেইজিং, ম্যাকাও এবং তাইওয়ান থেকে পালিয়ে আসা কোনো অপরাধীকে ফেরত চাইলে তাকে চীন সরকারের কাছে ফেরত দিতে হবে; বিশেষত যেসব অপরাধীর বিরুদ্ধে হত্যা ও ধর্ষণের মতো অভিযোগ রয়েছে।
• অর্থাৎ চীন সরকার চাইলে অপরাধীকে চীনের কাছে তুলে দিতে বাধ্য থাকবে হংকং কর্তৃপক্ষ।
• চীন সেই অপরাধীদের নিজ ভূখণ্ডে নিয়ে বিচারের কাঠগড়ায় দাঁড় করাতে পারবে।
• অপরাধী প্রত্যর্পণের এই আইনের বিরুদ্ধে ফুঁসে উঠেছে হংকংয়ের মানুষ।
• হংকংয়ের জনগণের মতে, এ আইনের মাধ্যমে হংকংয়ের বিচারব্যবস্থাই হুমকির মুখে পড়বে এবং তাদের ওপর চীনের প্রভাব বাড়বে।
Ans : A.

12. নিচের কোনটি বাংলাদেশের 'জাতীয় জরুরি সেবা' প্রদান করে থাকে?
A. ৯১১ B. ২২২ C. ৯৯৯ D. ১১১

ব্যাখ্যা : • বাংলাদেশের জাতীয় জরুরী সেবা প্রদান করে ৯৯৯।
• তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে একবছর ধরে এই জরুরি হেল্পলাইন নম্বরটি ২০১৭ সালে চালু করা হয়।
• বাংলাদেশের যে কোনো প্রান্ত থেকে ৯৯৯ নম্বরে ফোন করা হলে প্রশিক্ষিত এজেন্টরা জরুরি ফায়ার সার্ভিস বা পুলিশ কিংবা এ্যাম্বুলেন্স সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করিয়ে দেন।
• এখানে মূলত পুলিশি সেবার চাহিদা থাকে বেশি।
Ans : C.

13. মাতারবাড়ি কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পে নিম্নের কোন দেশটি সহায়তা করছে?
A. জাপান B. সিঙ্গাপুর C. জার্মানি D. দক্ষিণ কোরিয়া

ব্যাখ্যা : • মাতারবাড়ি কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পে জাপান সহায়তা করছে।
• এই বিদ্যুৎ কেন্দ্রটি মহেশখালী উপজেলায় মাতারবাড়িতে নির্মিত হচ্ছে।
• এতে ৬০০ মেগাওয়াটের মোট দুটি ইউনিট গড়া হবে। ফলে বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা হবে ১২০০ মেগাওয়াট।
• এ প্রকল্পের নির্মাণ ঠিকাদার— জাপানের সুমিতোমো-তোশিবা-আইএইচআই করপোরেশনের যৌথ উদ্যোগে হওয়া কোম্পানি।
Ans : A.

14. পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের চেয়ারম্যানের নাম কি?
A. বীর বাহাদুর B. এম. এন. লারমা
C. দেবাশীষ রায় D. জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা

ব্যাখ্যা : • পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের চেয়ারম্যানের নাম— জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা।
• তিনি সন্তু লারমা নামে অধিক পরিচিত।
• এ পরিষদ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন-১৯৯৮ অনুসারে গঠন করা হয়।
• ১৯৯৭ সালে বাংলাদেশ সরকার এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে স্বাক্ষরিত পার্বত্য চট্টগ্রাম চুক্তি অনুসারে ১৯৯৯ সালে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে।

শিক্ষার সর্বশেষ পাঠশালা
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

• এর কর্মকাণ্ডের মধ্যে উল্লেখযোগ্য হল - পার্বত্য জেলার সাধারণ প্রশাসন, আইন শৃঙ্খলা ও উন্নয়নের তত্ত্বাবধান ও সমন্বয় সাধন; উপজাতীয় রীতিনীতি, প্রথা ইত্যাদি এবং সামাজিক বিচার সমন্বয় ও তত্ত্বাবধান প্রভৃতি।

**Ans : D.**

**15. কোন বিষয়কে ঘিরে '#মি টু আন্দোলন'- টি সূচিত হয়?**

A. শিশু নির্যাতন B. পরিবেশ দূষণ
C. প্রাণি নির্যাতন D. যৌন হয়রানি

ব্যাখ্যা : • যৌন হয়রানিকে ঘিরে "#মি টু আন্দোলন"-টি সূচিত হয়।
• ২০১৭ সালের অক্টোবরে বিখ্যাত প্রযোজক হার্ভে ওয়েনস্টিইনের বিরুদ্ধে যৌন নির্যাতনের অভিযোগ তুলে "হ্যাশট্যাগ মিটু" আন্দোলনের জন্ম হয়।
• অভিনেত্রী আলিসা মিলানো যৌন হয়রানির বিরুদ্ধে #মি টু' শব্দ দুটি সোশাল মিডিয়ায় হ্যাশট্যাগ হিসেবে ব্যবহার করলে সঙ্গে সঙ্গে দাবানলের মতো তা ছড়িয়ে পড়তে থাকে।
• সেই থেকে কাজের জায়গায় যৌন হেনস্তার বিরুদ্ধে প্রচার অভিযান ও সেই প্রতিবাদী প্রচারে সমস্বর হিসেবে পৃথিবীর আনাচ কানাচ থেকে কেবলেই বিরামহীন উঠে আসছে '#মি টু'।

**Ans : D.**

**16. ১৯০৫ সালে বঙ্গভঙ্গের সময় ভাইসরয় কে ছিলেন?**

A. লর্ড ক্লাইভ B. লর্ড কর্ণওয়ালিশ
C. লর্ড কার্জন D. লর্ড মাউন্টব্যাটেন

ব্যাখ্যা : • ১৯০৫ সালে বঙ্গভঙ্গের সময় ভাইসরয় ছিলেন লর্ড কার্জন।
• ১৯০৫ সালের ১৬ই অক্টোবর ভারতের ভাইসরয় লর্ড কার্জনের আদেশে ১ম বঙ্গভঙ্গ সম্পন্ন হয়।
• এর ফলে বাংলা হতে বিহার ও উড়িষ্যা বিচ্ছিন্ন হয়ে যায়।
• দ্বিতীয়বার বঙ্গভঙ্গ হয় ১৯৪৭ সালে।
• এর ফলে পূর্ববঙ্গ পাকিস্তানে এবং পশ্চিমবঙ্গ ভারতে যুক্ত হয়।

**Ans : C.**

**17. বাংলাদেশে সাবমেরিন ঘাঁটি কোথায় নির্মিত হতে যাচ্ছে?**

A. পটুয়াখালী B. বরিশাল
C. নোয়াখালী D. কক্সবাজার

ব্যাখ্যা : • বাংলাদেশের সাবমেরিন ঘাঁটি নির্মিত হচ্ছে কক্সবাজারে।
• ২০১৬ সালে বেইজিংয়ের কাছ থেকে কেনা বাংলাদেশের দু'টি সাবমেরিন (নবযাত্রা ও জয়যাত্রা) ভবিষ্যতে এই ঘাঁটি ব্যবহার করবে।
• বাংলাদেশের নৌবাহিনীতে এটাই প্রথমবারের মতো চীনা সম্পৃক্ততা।
• নবযাত্রা ও জয়যাত্রা এর মূল্য ২০ কোটি ৫০ লাখ মার্কিন ডলার।
• সাবমেরিন দুটির প্রতিটির দৈর্ঘ্য ৭৬ মিটার ও প্রস্থ সাড়ে ৭ মিটার।
• এগুলোর গতিবেগ ঘণ্টায় ১৭ নটিক্যাল মাইল।

**Ans : D.**

**18. নিচের কোন দেশটি আমাজন বনাঞ্চলের অন্তর্ভুক্ত নয়?**

A. ব্রাজিল B. পেরু C. আর্জেন্টিনা D. বলিভিয়া

ব্যাখ্যা : • আর্জেন্টিনা আমাজন বনাঞ্চলের অন্তর্ভুক্ত নয়।
• আমাজন বনাঞ্চল দক্ষিণ আমেরিকার আমাজন নদী বিধৌত অঞ্চলে অবস্থিত বিশাল বনভূমি।
• ৯ টি দেশ জুড়ে এই অরণ্য বিস্তৃত।
• আমাজন অরণ্যের ৬০% রয়েছে ব্রাজিলে, ১৩% রয়েছে পেরুতে এবং বাকি অংশ রয়েছে কলম্বিয়া, ভেনেজুয়েলা, ইকুয়েডর, বলিভিয়া, গায়ানা, সুরিনাম এবং ফরাসি গায়ানা।
• পৃথিবী জুড়ে যে রেইনফরেস্ট তার অর্ধেক টাই এই অরণ্য নিজেই
• পৃথিবীর ২০% অক্সিজেন আসে আমাজন থেকে

**Ans : C.**

**19. হাইকমিশনার ও অ্যাম্বাসেডরের মধ্যে পার্থক্য কি?**

A. প্রথমজন কমনওয়েলথভুক্ত রাষ্ট্রের প্রতিনিধি ও অপরজন কমনওয়েলথ বহির্ভূত রাষ্ট্রের প্রতিনিধি
B. প্রথমজন ইউরোপীয় রাষ্ট্রের প্রতিনিধি ও অপরজন এশিয়া ও আফ্রিকার প্রতিনিধি
C. প্রথমজন কূটনীতিক ও অপরজন রাষ্ট্রের প্রতিনিধি
D. কোনো পার্থক্য নেই

ব্যাখ্যা : • হাইকমিশনার বলতে কমনওয়েলথভূক্ত রাষ্ট্র সমূহের সর্বোচ্চ শ্রেনীর কূটনীতিকদের বুঝানো হয়।
• কমনওয়েলথ বহির্ভূর্ত দেশসমূহের সর্বোচ্চ কূটনীতিকদের বলা হয় আম্বাসেডর।
• কমনওয়েলথ হলো ব্রিটেনসহ এক সময় ব্রিটেনের অধীনে ছিল এমন রাষ্ট্রসমূহের সংগঠন।
• রাষ্ট্রদূতকে তখনি হাইকমিশনার বলা যাবে যখন দুটি দেশই কমনওয়েলথভূক্ত হবে।
• যেমন বাংলাদেশের রাষ্ট্রদূত ভারতে নিয়োগ পেলে তাকে হাইকমিশনার বলা হবে। একইভাবে ভারতের রাষ্ট্রদূত বাংলাদেশে নিয়োজিত হলে তাকেও হাইকমিশনার বলা হবে।
• অন্যদিকে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রাষ্ট্রদূত কে আম্বাসেডরও বাংলাদেশে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতকে আম্বাসেডর বলা হবে।

**Ans : A.**

**20. বাংলাদেশ থেকে মিয়ানমারে ফিরে যাবার ব্যাপারে রোহিঙ্গাদের প্রধান দাবি কোনটি?**

A. নাগরিকত্ব B. জানমালের নিরাপত্তা
C. গণহত্যার বিচার D. ঘরবাড়ি পুনর্নির্মাণ

ব্যাখ্যা : • বাংলাদেশ থেকে মিয়ানমারে ফিরে যাবার ব্যাপারে রোহিঙ্গাদের প্রধান দাবি হল নাগরিকত্ব।
• তাদের অন্যান্য দাবির মধ্যে ছিলো - নিরাপত্তা, বাড়িঘর, জমি ইত্যাদি ফেরত পাবার নিশ্চয়তার মতো বিষয়গুলো।
• এসব দাবি নিয়ে বিক্ষোভ করেছিল আরাকান রোহিঙ্গা হিউম্যান রাইটস অ্যান্ড পিস সোসাইটি নামের একটি সংগঠন।
• রোহিঙ্গা নেতারা বলছেন প্রত্যাবাসনের জন্য তাদের সুনির্দিষ্ট দাবি আছে এবং সেগুলো বাস্তবায়ন না হলে প্রত্যাবাসনে কেউ রাজী হবেন না বলে জানিয়েছে।
• ২০১৭ সালে মিয়ানমারের সশস্ত্র বাহিনী এবং পুলিশের দ্বারা দেশটির রাখাইন রাজ্যে রোহিঙ্গা মুসলমানদের উপর সামরিক অভিযানের ফলে রোহিঙ্গা সমস্যা সৃষ্টি হয়।
• বিচার বহির্ভূত হত্যাকাণ্ড, গণধর্ষণ, অগ্নিসংযোগ ও শিশুহত্যাসহ অত্যধিক মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে মিয়ানমার কর্তৃপক্ষ অভিযুক্ত হয়েছে।

**Ans : A.**

**21. নিচের কোনটি spreadsheet- এর একটি ফাংশন?**

A. ওয়েবসাইটে প্রবেশ B. আয় এবং ব্যয় বিশ্লেষণ
C. ভিডিও চিত্র দেখা D. ই-মেইল একাউন্ট খোলা

ব্যাখ্যা : • আয় এবং ব্যয় বিশ্লেষণ স্প্রেডশীট এর একটি ফাংশন।
• মাইক্রোসফট এক্সেল এর মাধ্যমে স্প্রেডশীট তৈরি করা যায়।
• এটি ব্যবহার করে গাণিতিক, পরিসংখ্যানিক, লজিক সহ বিভিন্ন রকম হিসাব ব্যবহার করা যায়।
• মাইক্রোসফট এক্সেলের ফাইলকে ওয়ার্কবুক বলা হয়। ফাইলের যে অংশে কাজ করা হয় তাকে কার্যক্ষেত্র (ওয়ার্কশীট) বলে।
• প্রতিটি ওয়ার্কশীটে ২৫৬টি কলাম এবং ৬৫৫৩৬ টি রো থাকে।

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

22. কোনো ছাত্রাবাসে 65% ছাত্র মাছ পছন্দ করে, 55% ছাত্র সবজি পছন্দ করে এবং 40% ছাত্র উভয়টি পছন্দ করে। কত শতাংশ ছাত্র কোনটিই পছন্দ করে না?

A. 35% B. 45% C. 60% D. 20%

ব্যাখ্যা : • 65% মাছ, 55% সবজি এবং 40% উভয়ই পছন্দ করায় মোট পছন্দ করা ছাত্র = (65 + 55 +40)% = 160%

• আবার 65% মাছ পছন্দ করলে (100 – 65)% = 35% মাছ পছন্দ করেনা। অনুরূপ 55% সবজি পছন্দ করলে (100 – 55)% = 45% সবজি এবং 40% উভয়ই পছন্দ করায় (100 – 40)% = 60% কিছুই পছন্দ করেনা।

• সুতরাং পছন্দ না করা ছাত্র = (35 + 45 + 60)% = 140%। এখানে কিছু মাছ এবং কিছু সবজি পছন্দ করা ছাত্র আছে। মোট পছন্দ করা ছাত্রের সংখ্যা থেকে মোট পছন্দ না করা ছাত্র বাদ দিলে কোনটিই পছন্দ না করা ছাত্রের পরিমাণ পাওয়া যাবে।

• কোনটিই পছন্দ না করা ছাত্র = (160% – 140%) = 20%

Ans : D.

23. 'ইন্তিফাদা' কী?

A. আরব গণজাগরণ

B. ইসরায়েলী দখলদারিত্বের বিরুদ্ধে ফিলিস্তিনিদের গণজাগরণ

C. সিরিয়ায় আসাদ-বিরোধী যুদ্ধ

D. আফগানিস্তানে মার্কিন-বিরোধী যুদ্ধ

ব্যাখ্যা : • ইন্তিফাদা হচ্ছে ইসরাইলি দখলদারিত্বের বিরুদ্ধে ফিলিস্তিনিদের গণজাগরণ।

• ১৯৮০ এর দশকের শেষ দিকে এবং ১৯৯০ এর দশকের শুরুর দিকে পশ্চিম তীর এবং গাজা এলাকায় ইসরাইলি দখলদারিত্বের বিরুদ্ধে এই আন্দোলন শুরু হয়।

• দুইটি বড় গণজাগরণের পর এখন ফিলিস্তিনি প্রতিরোধ আন্দোলন তৃতীয় ইন্তিফাদায় প্রবেশ করেছে।

• ফিলিস্তিনি ভূখণ্ডের পশ্চিম তীর এবং গাজা এলাকা ১৯৬৭ সাল থেকে ইসরাইলের দখলে আছে।

• প্রথম ইন্তিফাদা শুরু হয়েছিল ১৯৮৭ সালে এবং চলে ১৯৯৩ সাল পর্যন্ত।

Ans : B.

24. ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসন কোন রাজনৈতিক দলের সদস্য?

A. গ্রীন পার্টি B. ডেমোক্রেটিক লেবার পার্টি

C. ইংলিশ ন্যাশনাল পার্টি D. কনজারভেটিভ পার্টি

ব্যাখ্যা : • ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসন কনজারভেটিভ পার্টির সদস্য।

• ২০১৯ সাল থেকে তিনি যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী এবং কনজারভেটিভ পার্টির প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন।

• এর পূর্বে ২০১৬ থেকে ২০১৮ পর্যন্ত তিনি যুক্তরাজ্যের পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন।

• কনজারভেটিভ পার্টির সদস্য হিসেবে তিনি এক-জাতি রক্ষণশীলতাবাদের ধারক হিসেবে পরিচিত।

• পূর্বে অর্থনৈতিক ও সামাজিক উদারপন্থী নীতির সপক্ষের পাশাপাশি বর্তমানে বর্ণবাদ ও সমকামীতাবিরোধী বক্তব্যের জন্য নানা সময়ে সমালোচিত হয়েছেন।

Ans : D.

25. আল্পস পর্বতমালা কোন মহাদেশে অবস্থিত?

A. আফ্রিকা B. এশিয়া C. ইউরোপ D. দক্ষিণ আমেরিকা

ব্যাখ্যা : • আল্পস্ পর্বতমালা ইউরোপে অবস্থিত পর্বতমালাদের মধ্যে অন্যতম।

• এ পর্বতমালা পূর্বে অস্ট্রিয়া ও স্লোভানিয়া এবং পশ্চিমে ইতালি, সুইজারল্যান্ড, লিশ্টেনশ্টাইন হয়ে জার্মানি থেকে ফ্রান্স পর্যন্ত বিস্তৃত।

• আল্পস্ পর্বতমালার সবচেয়ে উচ্চতম পর্বত মন্ট ব্ল্যাঙ্ক এর উচ্চতা ৪৮০৮ মিটার।

• এর ভিতরে চিকন সদৃশ্য গিরিখাত বা হ্রদ রয়েছে যা ইতালি পর্যন্ত দীর্ঘ।

• এ পর্বতমালার অন্যান্য পর্বতের মধ্যে উল্লেখযোগ্য হল - ব্রাইটহর্ন আল্পস, ভাইসমিস, ভাইসহর্ন, মন্টি রোজা, ম্যাটারহর্ন, শ্রেকহর্ন প্রভৃতি।

Ans : C.

26. নিচের ক্ষেত্রগুলোর মধ্যে কোনটির বিরুদ্ধে কাজ করার জন্য ডেনিস ম্যুকউইগি এবং নাদিয়া মুরাদকে ২০১৮ সালের নোবেল শান্তি পুরস্কার দেয়া হয়েছিল?

A. দাস প্রথা B. শিশু নির্যাতন

C. মানব পাচার D. যুদ্ধাস্ত্র হিসেবে যৌন সহিংসতা

ব্যাখ্যা : • যুদ্ধাস্ত্র হিসেবে যৌন সহিংসতার বিরুদ্ধে কাজ করার জন্য ডেনিস ম্যুকউইগি এবং নাদিয়া মুরাদকে ২০১৮ সালে নোবেল শান্তি পুরস্কার দেয়া হয়েছিল।

• ডেনিস ম্যুকউইগি গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র এর নাগরিক এবং একজন বিশেষজ্ঞ চিকিৎসক।

• তিনি বুকাবু'তে পেনজি হাসপাতাল প্রতিষ্ঠা করেন এবং সেখানে তিনি বিদ্রোহী বাহিনী কর্তৃক ধর্ষণের স্বীকার নারীদের চিকিৎসা দিয়ে থাকেন।

• নাদিয়া মুরাদ হচ্ছেন ইরাকের একজন মানবাধিকার কর্মী এবং প্রথম ইরাকি নোবেল পুরস্কার বিজয়ী।

• মুরাদ "নাদিয়া ইনিশিয়েটিভ" এর প্রতিষ্ঠাতা, সংগঠনটি গণহত্যা, ভর নিপীড়ন, এবং মানব পাচারের দ্বারা ক্ষতিগ্রস্ত নারী ও শিশুদেরকে তাদের জীবন ও সম্প্রদায়কে পুনঃস্থাপন ও পুনর্নির্মাণে সহায়তা করার জন্য নিবেদিত।

Ans : D.

27. ঢাকা কেন মেগাসিটি?

A. অত্যধিক জনসংখ্যার জন্য B. অত্যধিক যানবাহন চলাচলের জন্য

C. পরিবেশগত দূষণের জন্য D. অত্যধিক দালান-কোঠার জন্য

ব্যাখ্যা : • মেগাসিটি (Megacity) বলতে সে সকল মেট্রোপলিটন এলাকাকে বোঝানো হয়, যেখানকার জনসংখ্যা ১ কোটি বা ১০ মিলিয়নের অধিক।

• কোনো কোনো ক্ষেত্রে জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে ন্যূনতম ২০০০ জন বিবেচনা করা হয়ে থাকে।

• ঢাকা মহানগরী এলাকার জনসংখ্যা প্রায় ১ কোটি ৭০ লক্ষ। তাই এটি মেগাসিটির অন্তর্ভুক্ত।

• ইউনিসেফের তথ্য অনুসারে, বিশ্বে মেগাসিটি আছে ২১ টি।

• ২ কোটির বেশি জনসংখ্যাবিশিষ্ট শহরকে অনেক সময় "মেটাসিটি" (Metacity) বলা হয়।

Ans : A.

28. ইউ.এন.সি.এইচ.ই কি?

A. ইউনাইটেড নেশনস কনফারেন্স অন দ্যা হিউম্যান এনভায়রনমেন্ট

B. ইউনাইটেড নেশনস কনফারেন্স অন দ্যা হিউম্যান ইকোলজি

C. ইউনাইটেড নেশনস কনফারেন্স অন দ্যা হ্যাবিটেট এনভায়রনমেন্ট

D. ইউনাইটেড নেশনস কনফারেন্স অন দ্যা হ্যাবিটেট ইকোলজি

ব্যাখ্যা : • UNCHE এর পূর্ণরূপ United Nations Conference on the Human Environment

• এটি ১৯৭২ সালে সুইডেনের স্টকহোমে অনুষ্ঠিত হয়।

• এই কনফারেন্সই প্রথম পরিবেশের সুরক্ষা এবং টেকসই উন্নয়নের ধারণা দেয়।

• এর উপর ভিত্তি করেই পরবর্তী কনভেনশন এবং অন্যান্য পরিবেশ সংক্রান্ত চুক্তিসমূহ গড়ে ওঠে।

• এটি Stockholm Conference নামেও পরিচিত।

Ans : A.

!!! বের হয়েছে !!!
পানজ্ঞৌড়ি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - A-Unit ♦ মানবিক - B+D Unit
♦ ব্যবসায় - C Unit

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## লিখিত অংশ

### বাংলা

1. **নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর:**
What's more, it recognizes that we Rohingya are not alone. Many other ethnic groups in Myanmar-including the Kachin, the Shan, the Karen- endure shocking violence at the hands of the armed forces of the central government. The United Nations concludes: The Myanmar military, the force behind this vicious cycle of murderous abuse, must be brought to account. We must end decades of impunity for some of the worst crimes known to humanity in recent years.

**Ans :** এটি স্বীকৃত যে, আমরা রোহিঙ্গারা একা নই, যা অনেক বেশি গুরুত্বপূর্ণ। মিয়ানমারের আরও অনেক নৃতাত্ত্বিক গোষ্ঠী যেমন - কাচিন, শান এবং কারেন সম্প্রদায়ও কেন্দ্রীয় সরকারের সশস্ত্র বাহিনীর হাতে মর্মাহত সহিংসতা সহ্য করছে। জাতিসংঘের সর্বশেষ অভিমত : এই নৃশংস হত্যাকাণ্ডের পেছনে যে বাহিনী আছে তা হলো মিয়ানমার সেনাবাহিনী আর তাদেরকে অবশ্যই বিচারের আওতায় আনতে হবে। সাম্প্রতিক মানব ইতিহাসের ঘৃণ্য অপরাধ হিসেবে পরিচিত এই অপরাধের দশকের পর দশকের দায়মুক্তির অবসান অবশ্যই করতে হবে।

2. **নিচের চলিত রীতির গদ্যাংশটি শুদ্ধ করে লিখ:**
ছাত্র-ছাত্রীদের বানানভুলের মহড়া আজকাল বেশ বিব্রতকর হয়ে উঠিতেছে। শান্তনা, কথপোকথন, দূরবীন, দৌরাত্ম ইত্যাদি বানানও দেদার ভুল হচ্ছে। শুধু বানান ভুল নয়, দুর্ভাগ্যজনকভাবে বাক্য গঠনে ব্যাকরণগত বিষয়ে তাহাদের অসচেতনতা লক্ষনীয়। তারা যেমন যৌগিক ও জটিল বাক্যের বিন্যাস করতে ভুল করে, তেমনি বাক্যসমূহের মধ্যে যথাযথ সংযোগ স্থাপনের অশুদ্ধতা দেখা যায়। বস্তুতঃ এসব রপ্ত করা ঠিক চুলখেজুরে লোকের ব্যাপার নয় রীতিমত সাধন করে হাত পাকাইতে হয়।

**Ans :** ছাত্রছাত্রীদের বানান ভুলের মহড়া আজকাল বেশ বিব্রতকর হয়ে উঠেছে। সান্ত্বনা, কথোপকথন, দূরবীন, দৌরাত্ম্য ইত্যাদি বানানও দেদারসে ভুল হচ্ছে। শুধু বানান ভুল নয়, দুর্ভাগ্যজনকভাবে বাক্য গঠনে ব্যাকরণগত বিষয়ে তাদের অসচেতনতা লক্ষণীয়। তারা যেমন যৌগিক ও জটিল বাক্যের বিন্যাস করতে ভুল করে, তেমনি বাক্যসমূহের মধ্যে যথাযথ সংযোগ স্থাপনেরও ভুল দেখা যায়। বস্তুত এসব আত্মস্থ করা ঠিক গোঁফখেজুরে লোকের ব্যাপার নয়, রীতিমতো সাধনা করে হাত পাকাতে হয়।

3. **Translate the following paragraph into English:**
মা আমার সবচেয়ে বড় সমালোচক ছিলেন। তিনি আমার সব সেমিনারে যেতেন। আমি সাবলীলভাবে কথা বলতে না পারলেও তিনি বুঝতে পারতেন। আমার কাজে বা কথায় কেউ কষ্ট পেলে তিনি সাবধান করে দিতেন। তিনি বলতেন, 'মনে রেখো মা, তুমি চলে গেলে মানুষ তোমার ব্যবহারটাই মনে রাখবে।'

**Ans :** My mother was my biggest critics. She used to go to my all seminars. She understood me even though I couldn't speak fluently. She used to warn me if I hurt any body with my words or actions. She used to say "Mom keep it in your mind that people will only remember your behavior when you will be gone".

4. **Write a paragraph on the political leadership of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman in ten (10) sentences. 10**

**Ans :** There have been leaders who led their nations, but only a few could create history. Bangabandhu was one of those greatest leader of the history. The role of his leadership in the birth of our nation is a daunting task to express in words. In his book "Unfinished Memoirs" and "Karagarer Rojnamcha" We can learn a lot about his political Philosophy. His leadership traits and sacrifice made him the father of the nation. He united the common people to struggle about their fundamental rights and freedom as well as the independent country. His discourse of 7th March, today considered as the most influential and patriotic discourse whole over the world among all leaders. One of the remarkable features of his political life was his transformation from an ordinary rank and file worker of a political party to an unparalleled leader of millions of people. One of the most important features of his leadership was he always thought for the rights of his people and he always identified himself as an ordinary human being and a Bangalee. The ideology of Bangabandhus Political leadership is a great lesson to all political leaders.

### সাধারণ জ্ঞান (বিশ্লেষণধর্মী)

5. **'ফেসবুক ও আমাদের সমাজ'- বিষয়ে দশটি (১০) বাক্যে একটি অনুচ্ছেদ লিখ। ১০**

**Ans :** ফেসবুক বর্তমান সময়ের একটি জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম। ২০০৪ সালে শুরু হয়ে এটি বর্তমানে বিভিন্ন বয়সী মানুষের কাছে জনপ্রিয় বিনোদনের অনুসঙ্গ। তবে এর বেশ কিছু ইতিবাচক ও নেতিবাচক প্রভাব বিদ্যমান। এখানে ব্যবহারকারীরা বন্ধু সংযোজন, বার্তা প্রেরণ এবং তাদের ব্যক্তিগত তথ্যাবলী হালনাগাদ ও আদান প্রদান করতে পারেন। সেই সাথে একজন ব্যবহারকারী শহর, কর্মস্থল, শিক্ষা প্রতিষ্ঠান, অঞ্চল-ভিত্তিক নেটওয়ার্কেও যুক্ত হতে পারেন। দ্রুততম যোগাযোগ মাধ্যম হিসেবে ই-মেইলকেও ছাড়িয়ে গিয়েছে ফেসবুক। বিভিন্ন সময়ে বিভিন্ন আন্দোলন পূর্ণরূপ পেয়েছে ফেসবুক এর বদৌলতে। তবে বিনোদনের পাশাপাশি অযথা সময় নষ্টেরও কারণ এই ফেসবুক। এছাড়া যথাযথ দায়বদ্ধতা না থাকায় যেকোন গুজব খুব দ্রুত ছড়িয়ে পড়ার আদর্শ স্থানে পরিণত হয়েছে ফেসবুক। বিভিন্ন সাম্প্রদায়িক দাঙ্গা, রাজনৈতিক কলহ, জাতিবিদ্বেষ প্রভৃতি চরম আকার ধারণ করে সামান্য ফেসবুক পোস্টের কারণে।

৬. **'ক্রিকেট বিশ্বে বাংলাদেশ' বিষয়ে পাঁচটি (৫) বাক্যে তোমার অভিমত দাও। ৫**

**Ans :** ১৯৭৯ সালে ইংল্যান্ডে অনুষ্ঠিত আইসিসি ট্রফিতে অংশগ্রহণ করার মাধ্যমে বাংলাদেশ আন্তর্জাতিক ক্রিকেটে সর্বপ্রথম আত্মপ্রকাশ করে। বাংলাদেশ আইসিসি'র টেস্ট ও একদিনের আন্তর্জাতিক মর্যাদাপ্রাপ্ত স্থায়ী সদস্য দেশগুলোর অন্তর্ভুক্ত। ১৯৯৭ সাল থেকেই বাংলাদেশ ক্রিকেট দল আইসিসি ওয়ানডে খেলা দেশ হিসেবে ওয়ানডে খেলে আসছে এবং ২০০০ সালে বাংলাদেশ দশম টেস্ট খেলা দেশ হিসেবে আইসিসি'র সদস্যপদ লাভ করে। বিগত দশকে বাংলাদেশ ক্রিকেট ধারাবাহিকভাবে উন্নতি করে আসছে, তবে সাম্প্রতিক সময়ে বাংলাদেশের ক্রিকেট নৈপুণ্য বিশ্ববাসীকে বিমোহিত করছে। ২০১৯ সালে আইসিসি র‍্যাংকিং অনুযায়ী বাংলাদেশ টেস্টে ৯ম, ওডিআইয়ে ৭ম এবং টুয়েন্টি২০ আন্তর্জাতিকের রেটিংয়ে ১০ম স্থানে অবস্থান করছে।

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার